

স্থাপত্যবিদ্যা নিয়ে পড়াশোনা করবো, এটা আমার কাছে স্বপ্নের মত ছিলো। আমি যখন স্কুলে পড়ি (৭ম শ্রেণী হবে) তখন থেকেই ইচ্ছে ছিলো স্থাপত্যবিদ্যা নিয়ে পড়াশোনা করবো। যদিও স্থাপত্যবিদ্যা সম্পর্কে আমার ভালো ধারণা ছিলো না। তবুও বিষয়টি আমাকে আকর্ষণ করতো। আমি যখন এইচ এস সি পাশ করি, তখন স্থাপত্যবিদ্যা সম্পর্কে মোটামুটি ভালো ধারণা চলে আসে এবং আমি পুরোপুরি সিদ্ধান্তে উপনীত হই যে, স্থাপত্যবিদ্যা নিয়েই পড়াশোনা করবো। এতে আমার পরিবারের পূর্ণ সমর্থন এবং অনুপ্রেরণা ছিলো। তাই প্রতিষ্ঠান যেটাই হোক পছন্দের বিষয়ে পড়তে পরবো এটাই ভালো লাগার ব্যাপার ছিলো। পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ হয়নি আমার। ড্যাফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে স্থাপত্যবিদ্যা পড়ানো হয় পত্রিকাতে বিজ্ঞাপণটি দেখি। সময় নষ্ট না করে সরাসরি ভর্তি হয়ে যাই। শুরু হয়ে গেল পাঁচ বছরের যাত্রা। মন স্থির করে আমি পড়াশোনা শুরু করে দেই।

ডিপার্টমেন্টের অভ্যন্তরীণ বন্ধুত্বপূর্ণ পরিবেশ আমাকে মুগ্ধ করে। শিক্ষক-শিক্ষিকাগণ, বড়, ছোট সবাই খুব সহায়ক ভূমিকা পালন করেন যা আমার জন্য খুব বড় পাওয়া ছিলো। ডিজাইন, গ্রাফিক্স, থ্রিডি, এনিমেশন, প্রজেক্ট উপস্থাপনা এইগুলো শিখানোর তীক্ষ্ণ কৌশল আমাকে মুগ্ধ করে। দীর্ঘ পাঁচ বছর শেষে আমি আমার চূড়ান্ত প্রকল্পটি উপস্থাপন করি। যেখানে আমার পাঁচ বছরের সকল শিক্ষা প্রয়োগ হলো। সাফল্যমন্ডিত একটা প্রকল্প উপস্থাপন করতে সক্ষম হই। এবং একজন স্থপতি হিসেবে স্বীকৃতি অর্জন করি।

বর্তমানে আমি একটি বেসরকারি আর্কিটেকচারাল ফার্মে একজন স্থপতি হিসেবে নিয়োজিত আছি। পাশাপাশি নিজেও কিছু প্রজেক্ট করছি। ভবিষ্যতে আমি স্থাপত্যবিদ্যা চর্চার পাশাপাশি আরো উচ্চতর ডিগ্রি নেয়ার ইচ্ছে আছে। ড্যাফোডিল পরিবারের একজন সদস্য হিসেবে আমি গর্বিত। ড্যাফোডিল এবং ড্যাফোডিল স্থাপত্য পরিবার আরো সামনের দিকে এগিয়ে যাক এই প্রত্যাশা করি।

মোঃ সাইদুল ইসলাম

দ্বিতীয় ব্যাচ, আই ডি োঃ ১৪৩-৪২-১২২

স্থাপত্য বিভাগ

ড্যাফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়।